# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**12-05-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পুর নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে গ্রেপ্তার করেছে ইডি। তাকে আজ আদালতে তোলা হবে।

২) পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নব গঠিত বিজেপি সরকার, সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে জমি হস্তান্তর সহ একগুচ্ছ সিদ্ধান্ত নিয়েছে।

৩) রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে শীঘ্রই নতুন নিয়োগ হবে বলে নব নিযুক্ত মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন।

৪) রাজ্য সরকার অবসরের বয়স সীমা পেরিয়ে যাওয়ার পরেও বিভিন্ন সরকারি দপ্তরে এখনও যারা কর্মরত অবিলম্বে তাদের মেয়াদ শেষ করার নির্দেশ দিয়েছে।

৫) গ্রামীণ এলাকায় প্রতিটি বাড়িতে নল বাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে কেন্দ্র, জল জীবন মিশন প্রকল্পে রাজ্যকে দু হাজার ৭০০ কোটি টাকা দেওয়ার জন্য সম্মতি দিয়েছে।

৬) ঘূর্ণাবর্তের জেরে উত্তরবঙ্গের পাঁচ জেলায় আজ ভারি বৃষ্টির সম্ভাবনা।

৭) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ও পাঞ্জাব এফসির ম্যাচ অমীমাংসিত।

---

পুর নিয়োগ দুর্নীতি মামলায় পশ্চিমবঙ্গের প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে গ্রেপ্তার করেছে ইডি। ইডি-র দফতরে গতকাল সাড়ে ১০ ঘন্টারও বেশি জিজ্ঞাসবাদের পর বয়ানে অসঙ্গতি, প্রশ্নের উত্তর এড়ানো সহ একাধিক অভিযোগে রাত ৯ টা নাগাদ তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর রাতেই সুজিত বসুর শারীরিক পরীক্ষা করা হয়। আজ তাকে আদালতে পেশ করবে ইডি।

এদিকে সুজিত বসু গ্রেপ্তারের পর জানান যে, তার শ্বাসকষ্ট হচ্ছে। ইডির তরফে তার বাড়ি থেকে অক্সিজেন সিলিন্ডার আনার নির্দেশ দেওয়া হয়। রাতেই তার স্ত্রী ও এক আত্মীয় অক্সিজেন, ওষুধপত্র ও খাবারদাবার নিয়ে সিজিও কমপ্লেক্সে যান।

উল্লেখ্য, দক্ষিণ দমদম পুরসভার সঙ্গে দীর্ঘদিন যুক্ত থাকার সময়ে নিয়োগ সংক্রান্ত দুর্নীতিতে সুজিত বসুর ভূমিকা ছিল বলে অভিযোগ। সেখানে বেআইনীভাবে অন্তত দেড়শো লোকের তিনি চাকরীর ব্যবস্থা করেন। সেই দেড়শো জনের তালিকাও রয়েছে ইডির হাতে। মোট ১৭ টি পুরসভায় মোট এক হাজার কর্মীকে আইন বহির্ভূতভাবে চাকরী দেওয়া হয় বলেও ইডি সূত্রে জানা গেছে। নিয়োগ দুর্নীতি মামলার অন্যতম অভিযুক্ত অয়ন শীলের অফিসে তল্লাশির সময়ে প্রচুর ওএমআরশিট উদ্ধার হয়। সেখানেই বিভিন্ন পুরসভায় চাকরি পাইয়ে দেওয়ার নামে মোটা অঙ্কের টাকার লেনদেনের অভিযোগ সামনে আসে। এই তদন্তের সূত্রেই সুজিত বসু সহ একাধিক তৃণমূল কংগ্রেস নেতা ও প্রভাবশালী ব্যক্তির নামও উঠে আসে।

এই মামলায় প্রাক্তন খাদ্য মন্ত্রী রথীনঘোষকেও জিজ্ঞাসাবাদের জন্য তলব করেন ইডি। কিন্ত তিনি এখনও হাজিরা দেন নি।

২০০৯ সালের বিধানসভা উপনির্বাচনে প্রথম তৃণমূল কংগ্রেস বিধায়ক নির্বাচিত হন সুজিত বসু। পরে ২০১১, ১৬ এবং ২১ এও বিধানসভা কেন্দ্র থেকে পুনর্নির্বাচিত হন তিনি। সাম্প্রতিক বিধানভা নির্বাচনে অবশ্য তিনি বিধানসভার আসনে বিজেপি প্রার্থীর কাছে পরাজিত হন।

ভোটের আগেও একাধিকবার সুজিত বসুকে তলব করা হয়। তিনি তখন হাজিরা দেন নি। ভোটের পর গত পয়লা মে ইডির দপ্তরে হাজিরা দেন এই তৃণমূল কংগ্রেস নেতা।

কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে তার বাড়ি, অফিস, ছেলের রেস্তোঁরা সহ একাধিক জায়গায় অভিযানও চালায় ইডি। সুজিত বসুর সঙ্গে তার ছেলে সমুদ্র বসুও গতকাল হাজিরা দেন ইডির দপ্তরে। তাকেও দীর্ঘক্ষণ জেরা করা হয়।

---------------------------

বিজেপি বলেছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গকে দুর্নীতি মুক্ত করার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সুজিত বসুর গ্রেপ্তার তারই প্রথম পদক্ষেপ।

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, এই তদন্তের কিনারা হয় কিনা, গোটা রাজ্যের মানুষ সেইদিকে তাকিয়ে রয়েছেন। দোষীদের কঠোর শাস্তির দাবি জানানোর পাশাপাশি দুর্নীতির পিছনে আসল মাথা কে, তা খুঁজে বের করতে হবে বলেও তিনি মন্তব্য করেন।

এদিকে সিপিআইএম বলেছে, সুজিত বসুর আরও আগেই গ্রেপ্তার হওয়া দরকার ছিল। দলের উত্তর ২৪ পরগণার জেলা সম্পাদক পলাশ দাস সাংবাদিকদের বলেছেন, তৃণমূল কংগ্রেসের এই নেতা শুধু নিয়োগ সংক্রান্ত নয়, আরও অনেক রকম দুর্নীতির

সঙ্গেই যুক্ত ছিলেন। দলের আরও অনেক নেতাই এই দুর্নীতির সঙ্গে যুক্ত। ঠিক মত তদন্ত হলে কয়েক হাজার কোটি টাকার সম্পত্তি উদ্ধার হবে বলেও মন্তব্য করেছেন তিনি।

--------------------------

রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নব গঠিত বিজেপি সরকার একগুচ্ছ সিদ্ধান্ত নিয়েছে। নবান্নের গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর এক সংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসকে প্রয়োজনীয় - বেএফজমি হস্তান্তর করা হ। এব্যাপারে দায়িত্ব দেওয়া হয়েছে ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রধান সচিব ও মুখ্য সচিবকে। অনুপ্রবেশকারীদের সুযোগ করে দিতেই তৃণমূল কংগ্রেস সরকার এতোদিন জমি দেয়নি বলে অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, দক্ষিণবঙ্গে ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অরক্ষিত ৫৬৯ কিলোমিটার অংশের মধ্যে ৪৫৬ কিলোমিটার অংশে কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নেয় স্বরাষ্ট্র মন্ত্রক। এজন্য প্রথম পর্যায়ে ১৮১ কিলোমিটার অংশে কাঁটাতারে র বেড়া দেওয়ার জন্য কেন্দ্র তৎকালীন রাজ্য সরকারকে প্রয়োজনীয় টাকাও পাঠিয়ে দেয়। কিন্তু রাজ্য সরকার সেই জমি হস্তান্তর করে নি।

মুখ্যমন্ত্রী আরও জানান, আয়ুষ্মান ভারত প্রকল্পে – পশ্চিমবঙ্গকে গতকাল যুক্ত করা হয়। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা, বেটি বাঁচাও বেটি পড়াও সহ একাধিক প্রকল্পের সুবিধাও এবার থেকে পাবেন রাজ্যবাসী। এরাজ্যে চালু থাকা কোনো সামাজিক সুরক্ষা প্রকল্পই বন্ধ হবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

বাইট

জনগণনা সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের নির্দেশিকাও গতকালই কার্যকর হয়েছে বলে ঘোষণা করেন নতুন মুখ্যমন্ত্রী। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------------

রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে শীঘ্রই নতুন নিয়োগ হবে বলে দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর তিনি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর পরিদর্শনে যান। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন রাজ্য সরকারের সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ দপ্তর। তবে সেখানে দীর্ঘদিন নিয়োগ না হওয়ার ফলে কর্মীর অভাব রয়েছে এবং সঠিকভাবে কাজ হয়নি। তিনি জানান,নিয়োগের জন্য প্রায় সাড়ে ছহাজার প্রার্থী উত্তীর্ণ হয়েছে। শীঘ্রই এই নিয়োগ হবে।

বাইট

এদিকে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল গত সন্ধ্যায় আরবান ডেভেলপমেন্ট অ্যান্ড মিউনিসিপাল অ্যাফেয়ার্স ভবনে গিয়ে তার দপ্তর পরিদর্শন করেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান,শহরে থমকে থাকা মেট্রো রেলের প্রকল্পগুলি দ্রুত শেষ করার উদ্যোগ নেওয়া হবে। এছাড়া দপ্তরে নিয়োগ সহ শহরের উন্নয়নে যাবতীয় বিষয়গুলিতে জোর দেওয়া হবে। পাশাপাশি নারী ও শিশু কল্যাণ দপ্তরের অধীনে মহিলাদের সুরক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

--------------------------

আগেই জানানো হয়েছে, শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভায় পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন করা হয়েছে। দিলীপ ঘোষ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, প্রাণিসম্পদ উন্নয়ন এবং কৃষি বিপনন দপ্তরের দায়িত্ব পেয়েছেন। ক্ষুদিরাম টুডু আদিবাসী উন্নয়ন দপ্তরের পাশাপাশি অনগ্রসর শ্রেণী কল্যাণ ও সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের দায়িত্ব সামলাবেন। অশোক কীর্তনীয়া পেয়েছেন খাদ্য, সরবরাহ ও সমবায় দপ্তরের দায়িত্ব। অগ্নিমিত্রা পালকে নারী কল্যাণ ও পুর বিষয়ক দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। নিশীথ প্রামাণিক উত্তরবঙ্গ উন্নয়নের পাশাপাশি ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকেরও দায়িত্ব পেয়েছে।

---------------------------

রাজ্য সরকার, অবসরের বয়সসীমা পেরিয়ে যাওয়ার পরও পুনর্নিয়োগ বা মেয়াদ বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন সরকারি দফতরে এখনও যারা কর্মরত, অবিলম্বে তাদের মেয়াদ শেষ করার নির্দেশ দিয়েছে। স্বরাষ্ট্র দফতরের জারি করা নির্দেশিকায় রাজ্যের সমস্ত দফতরের অতিরিক্ত মুখ্যসচিব, প্রধান সচিব এবং সচিবদের এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। ষাট বছর বয়সের পর যাঁরা পুনর্নিয়োগ বা বর্ধিত মেয়াদে কাজ করছেন, তাঁদের সকলের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য হবে।

একই সঙ্গে রাজ্য সরকারের বিভিন্ন বোর্ড, সংগঠন, বিধিবদ্ধ সংস্থা এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে মনোনীত সদস্য, ডিরেক্টর এবং চেয়ারম্যানদের মেয়াদ অবিলম্বে শেষ করার প্রক্রিয়া শুরু করতে নির্দেশ দেওয়া হয়েছে।

---------------------------

গ্রামীন এলাকায় প্রতিটি বাড়িতে নল বাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে কেন্দ্র, জল জীবন মিশন প্রকল্পে রাজ্যকে দু হাজার ৭০০ কোটি টাকা দেওয়ার জন্য সম্মতি দিয়েছে। মন্ত্রকের সচিব ও আধিকারিকরা, রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের আধিকারিকদের সঙ্গে এই নিয়ে এক বৈঠক করেন। সেখানেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। রাজ্য সরকার ও কেন্দ্রের মধ্যে এই মর্মে সমঝোতা স্মারক পত্র - মৌ স্বাক্ষরের পরেই এই টাকা দেওয়া হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, অনিয়মের অভিযোগে গত দু বছর এই প্রকল্পের টাকা আটকে ছিল।

---------------------------

হিমালয় পাদদেশ এলাকায় ঘূর্ণাবর্তের জেরে উত্তরবঙ্গের পাঁচ জেলাতে আজ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ অনেকটাই কমেছে। পুরুলিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমান ও মুর্শিদাবাদ জেলায় আজ ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবাহওয়া দপ্তর।

এদিকে উত্তরবঙ্গে আগামী সাতদিন তাপমাত্রায় বিশেষ হেরফের হবেনা। দক্ষিণবঙ্গে তাপমাত্রা ধীরে ধীরে বাড়বে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম।

---------------------------

আইএসএল ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল ও পাঞ্জাব এফ সি, র ম্যাচটি অসীমাংসিতভাবে শেষ হয়েছে। কোনো দলই গোল করতে পারে নি।

ইস্টবেঙ্গল ১১ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে। পাঞ্জাব এফ সি, র ১১ ম্যাচে পয়েন্ট ১৯। তারা রয়েছে সপ্তম স্থানে।

মোহনবাগান সুপার জায়ান্ট, আজ আইএসএল ফুটবলে ইন্টার কাশীর বিরুদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে ১০ ম্যাচে ১১ পয়েন্ট পেয়ে দশম স্থানে রয়েছে ইন্টার কাশী।

-------------------------- --------------------------